

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/২০ মে, ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৩ (মুঃ পঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/২০ মে, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রমীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৩/ ২০২০

Income-tax Ordinance, 1984 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;
এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সংতোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(৩৮৪৯)
মূল্য : টাকা ৮.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি
নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Income-tax (Amendment) Ordinance, 2020 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৫ মার্চ, ২০২০ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ordinance No. XXXVI of 1984 এ নৃতন section 184G এর সমিবেশ।—
Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর
section 184F-এর পর নিম্নরূপ নৃতন section 184G সমিবেশিত হইবে, যথা:—

“184G. Power to condone or extend, etc.—(১) Notwithstanding anything contained contrary in any provision of this Ordinance, the Board may, with prior approval of the Government, by an order, and in public interest,—

- (a) condone the period of epidemic, pandemic or any other acts of God, and war in computing the time limits specified in any provision of this Ordinance; or
- (b) extend the time limits specified in any provision of this Ordinance to such extent as the Board may think fit, due to such epidemic, pandemic or any other acts of God, and war.

(২) The order under sub-section (1) may be issued with retrospective effect.”।

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

মো: আব্দুল হামিদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

নরেন দাস
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতি: দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd